## আল্লাহকে ভয় করা একটি বড় গুণ

*আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।*
*আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।*
*আস-সালাতু ওয়া আস-সালামু 'আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।*
*মাদাদ ইয়া রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া মাশাইখিনা,*
*শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাস্তুর।*
*তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।*

আমাদের সাইয়্যিদ হাযরাত আলী (কারামাল্লাহু ওয়াজহাহু) বলেন, "রা'স আল-হিকমাহ মাখাফাতুল্লাহ"। "আল্লাহকে ভয় করা জ্ঞানের শিখর।" এর মানে কি? সবকিছুই ঠিক থাকবে যখন তুমি আল্লাহকে ভয় করবে। আল্লাহকে ভয় করা খারাপ কিছু নয়।

কিছুই দার্শনিক তাদের ঈমানশূণ্যতার কারণে মাথা উঁচু করে দাঁড়িয়ে আল্লাহ্‌র বিরুদ্ধে এমন কথা বলে যেগুলো ভালো নয়। অজ্ঞ লোকেরাও তাই করে। এটাকে বলা হয় "মূর্খ্যতার দুঃসাহস"। আল্লাহকে ভয় করা একটি বড় গুণ এবং এটি কোন লজ্জার বিষয় নয়। আল্লাহ আমাদের স্রষ্টা। উনাকে ভয় করা কোন খারাপ কিছু নয়। "রা'স আল-হিকমাহ" মানে হচ্ছে বুদ্ধিমত্তা। একজন মানুষ যত বেশি বুদ্ধিমান তত বেশি সে আল্লাহকে ভয় করে। সবকিছুই আল্লাহ্‌র হাতে। এটাই ঈমানের শুরু এবং সকল প্রজ্ঞার শুরু।

আমরা আমাদের পবিত্র নাবী (সাঃ) এর হাদীসে গতকাল পড়েছিঃ "তারা সবকিছুকে ভয় করে কিন্তু তাদের মূর্খতার কারণে আল্লাহকে ভয় করে না।" কিন্তু যে ব্যক্তি আল্লাহ্‌কে ভয় করে সে আর কোন কিছু দ্বারা ভীত হয় না। সত্যিকারেই যিনি অস্তিত্বে আছেন তিনি হচ্ছেন আল্লাহ এবং যাকে সত্যিকারেই ভয় করা প্রয়োজন তিনি হচ্ছেন আল্লাহ। যখন আল্লাহ (আযযা ওয়া জাল্লা) মানুষকে সেই ভয় দান করে তখন তারা অন্য সব ভয় থেকে নিরাপদ হয়ে যায় এবং সকল অশুভ জিনিস থেকে তারা হিফাযাত লাভ করে।

ভয় পাওয়ার মানে খারাপ নয়। বরং আল্লাহ (আযযা ওয়া জাল্লা) মানুষকে ভয় দেখান তাদেরকে খারাপ কাজ থেকে বিরত রাখার জন্য। ভয়ের অনেক ধরণ আছে। অনেকে লজ্জা পেতে ভয় পায়। সেটাও আছে। মানুষেরা আল্লাহ্‌র সামনে খারাপ অবস্থায় থাকতে ভয় পায়, উনার সামনে খারাপ অবস্থায় যেতে ভয় পায়। আল্লাহ্‌র ভয় বলতে আমরা সেরকমই বুঝাচ্ছি, অন্যরকম ভয় নয়।

আল্লাহ (আযযা ওয়া জাল্লা) আদাম সন্তানের সম্মানিত করেছেন। উনি আমাদের জন্য নীচু কোন কিছু আদেশ করেন না। তিনি শুধুই ভালো আদেশ করেন। আরেকভাবে বলা যায়, আল্লাহ্‌কে ভয় করা মানে হচ্ছে আমাদের খারাপ কাজ নিয়ে আল্লাহ্‌র সামনে আসতে ভয় করা এবং খারাপ অবস্থায় পতিত

হবার ভয় করা। এভাবেই আমরা আল্লাহ্‌কে ভয় করি। যতক্ষণ না মানুষ আল্লাহ্‌কে ভয় করে আল্লাহ তাদেরকে এমন সমস্যা দেয় যে তারা সবাইকে ভয় করে। এবং কাপুরুষতা হচ্ছে সবচেয়ে খারাপ জিনিস। তাদের পুরো জীবন কাটে দুশ্চিন্তায় এবং তারা উদ্বিগ্ন থাকে।

আল্লাহ যেন আমাদের সবাইকে তাদের অন্তর্ভুক্ত করেন যারা উনাকে ভয় করে। এরই মানে হচ্ছে তাকওয়ার মানুষ। মানে, যারা আল্লাহ্‌কে ভয় করে, ভয়ের মানুষ। তারা সবাই এক। আল্লাহ (আযযা ওয়া জাল্লা) আমাদের উনাদের অন্তর্ভুক্ত করুন।

ওয়া মিনাল্লাহ আত-তাওফিক। আল-ফাতিহা।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল
৫ অক্টোবার ২০১৬/৪ মুহাররাম ১৪৩৮
ফাজর নামায, আকবাবা দারগাহ।